

সোমবার, 20 সেপ্টেম্বর, 2021

প্রিয় পরিবারবর্গ,

অবশেষে শিক্ষক ও সহপাঠীদের সাথে সরাসরি স্কুলে এসে লেখাপড়া করার জন্য ফিরে আসা সকল আনন্দমুখর শিক্ষার্থীদের দেখার পর আমাদের ক্লাসরুমে তাদের পুনরায় স্বাগত জানানো ছিলো অত্যন্ত উদ্দীপনাময় বিষয়! এটা ছিলো খুব গুরুত্বপূর্ণ সময় এবং আমরা আমাদের দ্বারা সম্ভাব্য সব কিছুই করছি যাতে নিশ্চিত করতে পারি যে আমাদের স্কুলগুলো নিরাপদ ও স্বাস্থ্যসম্মত থাকে।

এই প্রথম সপ্তাহে আমার চমৎকার সব অভিজ্ঞতা নিয়ে সারা সিটি জুড়ে স্কুলে প্রত্যাবর্তনের দৃশ্যসম্বলিত এই ভিডিওটি (vimeo.com/609642752/70f8506d67) সবার সাথে দেখার জন্য আমি আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি।

আমাদের 2021-22 শিক্ষা বছরের ওয়েবপেজ-এ (schools.nyc.gov/homecoming) সংক্ষিপ্তভাবে বর্ণিত ব্যাপক স্বাস্থ্য ও নিরাপত্তামূলক পদক্ষেপসমূহ ছাড়াও আমরা আমাদের স্কুলসমূহের COVID-19 সংক্রান্ত নীতিমালাতে দুইটি গুরুত্বপূর্ণ সংশোধন করছি:

- **সাপ্তাহিক পরীক্ষা।** সোমবার, 27 সেপ্টেম্বর থেকে শুরু করে DOE নির্বিচারে সকল এলেমেন্টারি, মিডল এবং হাই স্কুলসমূহের 1-12 গ্রেডের শিক্ষার্থীদের COVID-19 পরীক্ষা করবে প্রতি দুই সপ্তাহের স্থলে প্রতি সপ্তাহে। আমরা শুধু সেসব শিক্ষার্থীর পরীক্ষা নিতে পারবো, যাদের পিতামাতা পরীক্ষার জন্য একটি হালনাগাদকৃত সম্মতি ফর্ম জমা দিয়েছেন। আপনার সন্তানের জন্য এ সম্মতি জমা না দিয়ে থাকলে অনুরোধ করা হচ্ছে যাতে তা জমা দিয়ে দেন। আপনি যদি 2021-22 শিক্ষা বছরে পরীক্ষার জন্য সম্মতির ফর্ম ইতোমধ্যে জমা দিয়ে থাকেন, তাহলে সে ফর্মটি কার্যকর থাকবে। আপনি এখনও আপনার সম্মতি জমা না দিয়ে থাকলে তা জমা দিতে পারবেন নিচে দেওয়া উপায় দুইটির যে কোনো একটি উপায়ে:
 - আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA): schoolsaccount.nyc ব্যবহার করে ফর্মটি পূরণ করতে পারেন, অথবা
 - ফর্মটি schools.nyc.gov/covidtesting ওয়েবপেজ থেকে ডাউনলোড করে এবং পূরণ করা ফর্মটি আপনার সন্তানের স্কুলে জমা দিতে পারেন।
- **কোয়ারেন্টাইন নীতি হালনাগাদ করা হয়েছে।** এছাড়াও সোমবার, 27 সেপ্টেম্বর থেকে শুরু করে ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এর সর্বশেষ নির্দেশনা অনুসারে আমরা এখন আর ক্লাসরুমে একটি পজিটিভ (প্রমাণিত) কেস পেলে পুরো ক্লাসরুম বন্ধ করে দেবো না। CDC নির্দেশনা অনুসারে ভ্যাকসিন-বিহীন শিক্ষার্থীদের যে মাস্ক পরছে এবং পরীক্ষায় পজিটিভ (প্রমাণিত) শিক্ষার্থী থেকে কমপক্ষে তিন ফুট দূরত্বে অবস্থান করছে, সেটাকে শিক্ষার্থীর নিকট সংস্পর্শে যাওয়া বলে বিবেচনা করা হবে না এবং তাকে কোয়ারেন্টাইন করতে হবে না। এই নতুন নীতি সকল গ্রেডের সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষা দিতে আমরা যা করতে পারি, তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো টিকাদান বা ভ্যাকসিনেশন। আপনার ছেলেমেয়ে ও স্কুল কমিউনিটির সুরক্ষার জন্য আমরা সকল DOE স্কুল স্টাফের জন্য COVID-19 প্রতিরোধক ভ্যাকসিন গ্রহণ বাধ্যতামূলকভাবে করেছি— 27 সেপ্টেম্বরের মধ্যে সকল কর্মচারীগণ কমপক্ষে এক ডোজ COVID-19 ভ্যাকসিন গ্রহণ করবেন বা টিকা দেবেন। আপনার নিজের বা 12 বছর এবং তদোর্ধ বয়সের যোগ্য শিক্ষার্থীর জন্য ভ্যাকসিন বা টিকার অ্যাপয়েন্টমেন্ট করতে হলে অনোগ্রহ করে vaccinefinder.nyc.gov ওয়েবসাইট দেখুন।

আপনার সন্তানকে নিরাপদ রাখার জন্য আমরা যা যা করছি, সবই অব্যাহতভাবে জানাবো। আবার সম্মিলিত শিক্ষা বছর ইতোমধ্যে চমৎকারভাবে চালু হয়েছে, এবং আমি প্রত্যাশা করছি এ বছর আপনার শিক্ষার্থী তার সহপাঠীর পাশাপাশি শিক্ষালাভ করতে এগিয়ে যেতে চেষ্টা করবে এবং বেড়ে উঠবে।

অংশীদারিত্বে,



মির্শা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর